

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.০০৩.২০১৬- ৪৬৩


০৫ বৈশাখ ১৪২৩
তারিখঃ ১৮ এপ্রিল, ২০১৬

বিষয় : জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)” শীর্ষক প্রকল্পে প্রেষণে জনবল নিয়োগ/পদায়ন।

উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, জাইকা অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)” শীর্ষক প্রকল্পটি গত ০১/০৩/২০১৬ তারিখে ECNEC কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পে অর্থ বিভাগের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটির ০৪/০২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত পদসমূহ প্রকল্প বাস্তবায়নকালের জন্য সুপারিশ করা হয়েছেঃ

ক্রমিক নং	পদের নাম	সাকুল্য বেতন গ্রেড/প্রেষণ এর ক্ষেত্রে নিজ বেতনে	পদের সংখ্যা		মন্তব্য
			বাস্তবায়ন পর্যায়ে		
১.	প্রকল্প পরিচালক	গ্রেড-২/৩	১		প্রেষণে
২.	উপ-প্রকল্প পরিচালক (অর্থ ব্যবস্থাপনা)	গ্রেড-৫	১		প্রেষণে
৩.	উপ-প্রকল্প পরিচালক (ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এন্ড ফিল্ড অপারেশন)	গ্রেড-৫	১		প্রেষণে

এমতাবস্থায় “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নির্ধারিত ছকে (কপি সংযুক্ত) ০৩(তিন) জন কর্মকর্তার চাকুরী বৃত্তান্ত এবং উপ প্রকল্প পরিচালক পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে ০২(দুই) জন কর্মকর্তার মনোনয়ন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়।

অনুলিপি

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), UGDP।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র রিপ্রেজেন্টেটিভ, জাইকা বাংলাদেশ অফিস, গুলশান-১, ঢাকা।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।